# ঈশ্বর যেভাবে ইহা করতে বলেছিলেন শিশুদের সেইভাবে করতে শিক্ষা দিন


যারা শিশুদের শিক্ষা দেন তাদের অধ্যয়ণ T1b পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ‘‘প্রিয় প্রভু, আমাদের শিশুদের তোমাকে ভালবাসতে এবং তোমার বাধ্য হতে সাহায্য কর এবং পরিবারের সঙ্গে এবং বন্ধুদের সঙ্গে উত্তম সম্পর্ক রাখতে সাহায্য কর।’’


**১. ঈশ্বরের বাক্য দ্বারা শিশুদের শিক্ষকদের প্রস্তুত করুন।**

কাদের শিশুদের শিক্ষা দেওয়া উচিৎ। প্রধানতঃ বাবা মায়েদেরই উচিৎ তাদের সন্তানদের খ্রীষ্টকে অনুসরণ করতে, তাদের প্রেমের দ্বারা শিক্ষা দিতে এবং শৃঙ্খলাপরায়ণ করতে শিক্ষা দেওয়া।

- খ্রীষ্টিয় পরিবারদের দৈনিক পারিবারিক অনুধ্যানের সময় থাকা উচিৎ, ইয়োবের মত প্রার্থনা করা উচিৎ এবং শিশুদের সঙ্গে ঈশ্বরের বাক্য নিয়ে কথা বলা উচিৎ।
- **ইফিষীয় ৬ঃ৪** পদে পিতাদের কি করতে বলা হয়েছে?
- **হিতোপদেশ ২৩ঃ১৩** পদে বাবা মায়েদের কি করতে বলা হয়েছে?



- শিশুরা প্রায়ই অন্য শিশুদের কার্যকরীভাবে শিক্ষা দিতে পারে।



আলেক্স, তুমি খুব ভালভাবে তোমার কাজ করেছিলে। অনুগ্রহ করে যোহন ও শাহজীকে তাদের কাজ করতে সাহায্য কর।

তোমরা বড় শিশুরা যখন আমাকে শিক্ষা দিতে সাহায্য কর, তখন তোমরা আরও শিখতে পার এবং তোমরাও ছোটদের আরও শিখতে সাহায্য কর। কিভাবে নেতা হতে হবে, তোমরা তাও শিখতে পার।

- খ্রীষ্টিয়ান বন্ধুবর্গ এবং আত্মীয় স্বজনদের উচিৎ সপ্তাহব্যাপী শিশুদের প্রশিক্ষণ দেওয়া, তাদের কাছে বাইবেলের গল্প বলা, তাদের সঙ্গে প্রার্থনা করা এবং তারা কি কি করেছে সেই বিষয়ে তাদের কাছ থেকে শোনা।


থোমা, তুমি কঠিন পরিশ্রম করেছ এবং তুমি এই স্বীকৃতির যোগ্য। তুমি আমাকে যে বিষয় শিক্ষা দিতে সাহায্য করেছিলে সেই একই বিষয় সপ্তাহব্যাপী অন্য শিশুদের দিতে পার।



- পালক শিক্ষকদের পৌল-তীমথি শিশুদের অধ্যয়ণগুলো দিতে পারেন এবং শিশুরা বড়দের কাছে যে বিষয়গুলো উপস্থাপন করবে তা প্রস্তুতির জন্য প্রধান আরাধনার পূর্বে কিছু সময়ের ব্যবস্থা করতে পারেন।

**শিশুদের শিক্ষাদানের জন্য নির্দেশাবলী**


- আগে থেকে ভালভাবে প্রস্তুতি গ্রহন করুন।
- গল্পগুলো বলুন এবং শিশুদের নাটক করতে দিন।



**শিশুরা কিভাবে এই সত্য শিখতে পারে? আমি জানি। আমি তাদের এই বিষয়ে বাইবেলের গল্প বলব। এইভাবে তারা আরও ভালভাবে শিখবে। তারা যদি বৃত্তাকারে বসে পরস্পরকে দেখতে পায় তবে তারা আরও ভালভাবে অংশগ্রহন করতে পারবে। তারা গল্পটি বড়দের কাছে অভিনয় করেও দেখাতে পারবে।**


- প্রতিটি শিশুর জন্য **প্রার্থনা** করুন। ঈশ্বর শিশুদের তত্বাবধান করেন। শাস্ত্রে প্রায়ই তাদের বিষয় উল্লেখ করা হয়।
- উত্তম আরাধনার নেতৃবর্গ এবং পালকগণ মোশি, যিহোশূয় এবং ইষ্রার মত শিশুদের আরাধনার অন্তর্ভূক্ত করেন, কেবলমাত্র শ্রোতা হিসাবে নয়, কিন্তু বড়দের সঙ্গে একত্রে বিভিন্ন কাজে তাদের অংশগ্রহন করতে দেন। পৌল-তীমথি শিশুদের অধ্যয়ণে তাদের জন্য এবং বড়দের কাছে উপস্থাপনের জন্য অনেক কার্যবলীর বিষয়ে পরামর্শ দান করা হয়েছে।
- শিশুরা ছুটির দিন এবং বিভিন্ন অনুষ্ঠান পছন্দ করে যখন বিশ্বাসীরা খেলাধুলার প্রতিযোগিতা, অনুষ্ঠান, জন্মদিন পালন ইত্যাদি বিষয়ে একত্রিতহন। কেন আমরা ছুটির দিন উৎসব পালন করি সেই বিষয়ে শিক্ষাগ্রহন করে তারা আনন্দ পায়। প্রভু ছুটির দিন এবং বিভিন্ন স্মরণীয় দিন প্রতিষ্ঠা করেছেন, যাতে শিশুরা তাঁর মহান কার্যসকল ভুলে না যায় (যিহোশূয় ৪ঃ১-৭; যাত্রা ১২ঃ২৪-২৭)।
- শিশুদের আগ্রহপূর্ণ কাজ করানোর মাধ্যমে ব্যস্ত রাখুন। তারা বিভিন্ন জিনিস তৈরী করতে পছন্দ করে।

**শিশুরা, তোমাদের অনেক জীবনীশক্তি আছে! তোমরা কাজ করতে চাও। সুতরাং আমি চাই না তোমরা দীর্ঘ সময় বসে থাক। তোমরা যদি অস্থির হও, আমি তোমাদের তিরস্কার করব না। তার পরিবর্তে আমি তোমাদের কিছু করতে দেব, কারণ তোমরা সৃজনশীল। এসো, আমাকে সাহায্য কর, শমূয়েল।**



- তারা বিভিন্ন জিনিস তৈরী করতে পছন্দ করে।
- শিশুদের ঈশ্বরকে ভয় করতে ও প্রেম করতে শিক্ষা দিন। ২ বিবরণ ৪ঃ১০; ৬ঃ৪-৭; গীত ৩৪ঃ১১; ১১১ঃ১০
- পবিত্র আত্মা যখন শিশুদের তাদের পাপের বিষয় প্রত্যয় উৎপাদন করে,তখন তাদের বিশ্বাসে খ্রীষ্টের ক্ষমা গ্রহন করতে উৎসাহিত করুন।
- শিশুরা বিশেষতঃ ছোট শিশুরা পুণরাবৃত্তি, ক্রিয়া এবং গোলমাল করতে পছন্দ করে। উদাহরণ, আপনি যদি তাদের ইসাহাকের স্ত্রী রেবেকার উটের পিঠে আরোহণ করে আসার বিষয়টি বলেন, আপনি বলতে পারেন, ''শোন উটের হাঁটার শব্দ, 'ক্লপ!' 'ক্লপ!' 'ক্লপ!' 'ক্লপ!' 'ক্লপ!' এখন বব তোমার মাথা উঁচু নীচু কর, কারন উটের আরোহীরা উঁচু নীচু, উঁচু নীচু করে চলে।
- শিক্ষকদের শিশুদের বাবা মায়েদের সঙ্গে ভাল সম্পর্ক তৈরী করা উচিৎ।
- শিশুদের শান্তভাবে কিন্তু দৃঢ়তার সঙ্গে শাসন করুন।

**আমি দেখছি যে আমাকে আরও সঙ্গতিপূর্ণ ভাবে এবং প্রেমের সঙ্গে শিশুদের সংশোধন করতে হবে।**



- শিশুদের না ধমক দিয়ে কোন বিষয় আরও শৃঙ্খলাপূর্ণভাবে ও উত্তমরূপে করার জন্য প্রশংসা করুন।

২. **সপ্তাহব্যাপী বিভিন্ন কাজ করার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- বিশ্বাসী বাবা মায়েরা যদি তাদের সন্তানদের সঙ্গে পারিবারিক অনুধ্যান না করে থাকে তবে তাদের কাছে যান এবং তাদের শুরু করতে সাহায্য করুন।
- যারা শিক্ষকরূপে কাজ করেন সেই সকল বিশ্বাসীদের সঙ্গে সাক্ষাৎ করুন এবং এই নির্দেশাবলী তাদের কাছে ব্যাখ্যা করুন।

- অভিজ্ঞ শিক্ষকদের সঙ্গে একসাথে কাজ করতে দিয়ে নতুন শিক্ষকদের প্রশিক্ষণ দিন, যদি সম্ভব হয়।

**৩. আগামী আরাধনার বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

মার্ক ৪ঃ১-২০ অংশ থেকে যীশুর মাটির বিষয় নীতি গল্পটি বলুন। ব্যাখ্যা করুন যে ঐশ্বরিকভাবে ঈশ্বরের বাক্য আমাদের অবশ্যই ...

১) আমাদের চোখ বা কানের দ্বারা এটা গ্রহন করতে হবে,

২) আমাদের প্রাণের মধ্যে এর মূল গ্রহন করতে হবে,

৩) এর দ্বারা আমাদের ফল বহন করতে হবে।

এই শিক্ষাগ্রহণের ক্ষেত্রে যীশু যে বিষয়গুলোকে বলেছেন সেই বিষয়গুলো বিশ্বাসীদের মনে করে বলতে বলুন।

ব্যাখ্যা করুন বাবা মাদের কেন তাদের সন্তানদের শিক্ষা দেওয়া উচিৎ।

এই কাজ করার জন্য ওপরের নির্দেশাবলী ব্যাখ্যা করুন।

শিশুরা যে বিষয় প্রস্তুত করেছে তা তাদের উপস্থাপন করতে দিন। খ্রীষ্ট তাদের জন্য কি করেছেন বিশেষ করে তারা যদি সম্প্রতি তাঁকে তাদের প্রভু বলে বিশ্বাস করে থাকে, তবে সেই বিষয়ে প্রাপ্ত বয়স্কদের এবং বড় শিশুদের সাক্ষ্য দিতে দিন।

প্রভুর ভোজের বিষয়টি সম্পাদনের জন্য ২ বিবরণ ৬ঃ৪-৭ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন সে একসাথে রুটী ভাঙ্গার সঙ্গে শিশুদের যীশুর আদেশের বাধ্য হওয়ার শিক্ষাদানের বিষয়টিও অন্তর্ভূক্ত।

দুতিনজনের ছোট ছোট দলে কয়েক মিনিট একসাথে কথা বলুন। পরস্পরের জন্য প্রার্থনা করুন এবং শিশুদের জন্য আরও শিক্ষণ কার্যকলাপের দানের বিষয় পরিকল্পনা করুন।

মুখস্থ পদ  ২ বিবরণ ৬ঃ৬-৭ পদ একসঙ্গে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net